# কোরআন শরীফ অবমাননার অভিযোগে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আটক




সংগৃহীত ছবি

কোরআন শরীফ অবমাননার অভিযোগে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে আটক করেছে ভাটারা থানা পুলিশ। ফেসবুকে আপত্তিকর ভিডিও পোস্টের পর সামাজিক যোগাযোগমাধ্যমে ক্ষোভ ছড়িয়ে পড়ে এবং বিক্ষোভে নামে স্থানীয় ছাত্র-জনতা।

কোরআন শরীফ অবমাননার অভিযোগে রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। শনিবার (৪ অক্টোবর) গভীর রাতে রাজধানীর ভাটারা এলাকার একটি আবাসিক ভবন থেকে তাকে আটক করা হয়। আটককৃত শিক্ষার্থীর নাম অপূর্ব পাল।

এর আগে একই দিন দুপুরে তার ফেসবুক অ্যাকাউন্ট থেকে কোরআন শরীফ নিয়ে অবমাননাকর ভিডিও পোস্ট করা হয় বলে অভিযোগ ওঠে। মুহূর্তেই ওই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং নিন্দা ও ক্ষোভে ফেটে পড়ে নেটিজেনরা।

ঘটনার পর বিভিন্ন মহল অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানায়। একপর্যায়ে রাতেই উত্তেজিত জনতা অভিযুক্ত শিক্ষার্থীর বাসার নিচে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করে এবং কঠোর শাস্তির দাবি তোলে।

ভাটারা থানা পুলিশ জানায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হয় এবং অভিযুক্তকে আটক করা হয়েছে। তদন্ত চলমান রয়েছে, প্রমাণের ভিত্তিতে তার বিরুদ্ধে পরবর্তী আইনগত পদক্ষেপ নেওয়া হবে।